গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**২৭ জানুয়ারী ২০২১ খ্রিঃ সকাল ০৯:০০টা থেকে সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**

আজ (২৭/০১/২০২১) সকাল ০৯:০০ মিনিট থেকে পরবর্তী ০২-০৩ ঘণ্টার মধ্যে দেশের নদী অববাহিকায় হালকা থেকে মাঝারি ধরণের কুয়াশার কারণে দৃষ্টিসীমা ৮০০ মিটার বা কোথাও কোথাও এর চেয়ে কম হতে পারে। এসব এলাকার নৌ-যানসমূহকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে, তবে কোনো সংকেত দেখাতে হবে না।

**২৭ জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ** উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ** সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**শৈত্য প্রবাহঃ** দেশের উত্তরপশ্চিম অঞ্চলের কোথাও কোথাও মৃদু শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** সামান্য পরিবর্তন হতে পারে ।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৫.৪ | ২৩.০ | **২৯.০** | ২৭.০ | ২৩.০ | ২১.১ | ২৪.৫ | ২৭.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১১.৫ | ১২.০ | ১০.৫ | ১০.০ | ১০.৭ | **০৯.০** | ১০.২ | ১২.৩ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ২৯.০$^{০}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজারহাট ০৯.০$^{০}$সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৫ জানুয়ারী, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৬ জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১১ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ২ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৬ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২ | ০ | ০ |
| | **মোট** | **২৫** | **০** | **০** |

<u>শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ :</u>

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, নেত্রকোনা (জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, নেত্রকোনা-২ নির্বাচনী এলাকার জন্য)-এর অনুকূলে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার (জনাব এস এম জাকির হোসাইন, সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ ছাত্রলীগ, মৌলভীবাজার জেলার বড়লেখা ও জুড়ী উপজেলার জন্য)-এর অনুকূলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা প্রদানের জন্য ৩৯টি জেলার পার্শ্বে মোট ৭৭,০০,০০০/- (সাতাত্তর লক্ষ) টাকা পুনর্ভরণের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, যশোর (ড. মোঃ মোস্তানিছুর রহমান, উপজেলা পরিষদ চেয়ারম্যান, চৌগাছা, যশোর)-এর অনুকূলে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, নীলফামারী (জনাব আসাদুজ্জামান নূর, মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২, নীলফামারী-২ নির্বাচনী এলাকার জন্য)-এর অনুকূলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, বরিশাল (সৈয়দা রুবিনা আক্তার, মাননীয় সংসদ সদস্য, ৩২৮ মহিলা আসন-২৮ বরিশাল জেলার জন্য)-এর অনুকূলে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, ফরিদপুর (জনাব মাহমুদা বেগম, সভাপতি, ক্রিয়েশন সমাজ উন্নয়ন সংস্থা এবং সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি)-এর অনুকূলে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, ঢাকা (বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন, বিএমএ ভবন, ১৫/২ তোপখানা রোড, ঢাকা, ঢাকা মহানগরির ছিন্নমূল ও দরিদ্র মানুষের জন্য)-এর

অনুকূলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কম্বল/ শীত বস্ত্র ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য জেলা প্রশাসক, রাজবাড়ী (মহিলা আসন-৪০ নির্বাচনী এলাকার জন্য)-এর অনুকূলে নগদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট ময়মনসিংহ বিভাগের ৪টি জেলার মোট ৩৫টি উপজেলার ৩৫১টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট/বস্তা হারে মোট (৩৫১X১০০)=৩৫,১০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট খুলনা বিভাগের ১০টি জেলার মোট ৫৯টি উপজেলার ৫৭৭টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট/বস্তা হারে মোট (৫৭৭X১০০)=৫৭,৭০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট রাজশাহী বিভাগের ৮টি জেলার মোট ৬৭টি উপজেলার ৫৬৫টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট হারে মোট (৫৬৫X১০০)=৫৬,৫০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে দেশের চলমান শীত মোকাবিলাসহ জরুরী পরিস্থিতিতে মানবিক সহায়তা হিসেবে কম্বল/শীত বস্ত্র ক্রয় পূর্বক বিনামুল্যে বিতরণের জন্য ৬৪ জেলার প্রতিটি জেলায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে মোট ৩,২০,০০,০০০/- (তিন কোটি বিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

২৭-১-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫/১(১৭০)

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

২৭-১-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা